

সুরক্ষা সেবা বিভাগের বিভিন্ন দপ্তর/অনুবিভাগ/অধিশাখা ও শাখার অপয়োজনীয় নথিপত্র যাচাই-বাছাই ও বিনষ্টকরণের  
লক্ষ্যে অনুষ্ঠিত নথি বিনষ্টকরণ কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	ইসরাত চৌধুরী, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ) সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সভার তারিখ	০৬/০৩/২০২৩ খ্রি.
সভার সময়	বিকাল ০৩.০০ ঘটিকা
স্থান	অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ) এর অফিস কক্ষ
উপস্থিতি	সভায় কর্মকর্তাগণের উপস্থিতি তালিকা পরিশিষ্ট 'ক'।

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব, প্রশাসন-২ শাখার সিনিয়র সহকারী সচিব আশ্রাফ আহমেদ রাসেল সভায় জানান যে, সুরক্ষা সেবা বিভাগের বিনষ্টযোগ্য নথিসমূহ বিনষ্টকরণের জন্য দপ্তর/অনুবিভাগ, অধিশাখা ও শাখার বিনষ্টযোগ্য নথির তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হয়। তদপ্রেক্ষিতে সুরক্ষা সেবা বিভাগের কারা-০১ শাখা থেকে ১১টি এবং প্রশাসন-০২ শাখা হতে ১৯টিসহ সর্বমোট ৩০ টি ('খ', 'গ' ও 'ঘ' শ্রেণির) বিনষ্টযোগ্য নথির তালিকা পাওয়া যায় (তালিকা-পরিশিষ্ট-'খ')।

সভায় নথিগুলো পরীক্ষা করা হয়। পরীক্ষান্তে দেখা যায়, প্রশাসন-২ শাখা হতে প্রাপ্ত নথির মধ্যে ০১টি 'খ' শ্রেণির, ১২টি 'গ' শ্রেণির এবং ০৬টি 'ঘ' শ্রেণির নথি রয়েছে। সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুসারে উক্ত নথিগুলোর সংরক্ষণের সময়কাল ইতোমধ্যে অতিক্রান্ত হয়েছে।

কারা ১ শাখা হতে প্রাপ্ত ১১টি নথিই 'গ' শ্রেণির। পরীক্ষান্তে দেখা যায়, ১১টি নথির মধ্যে ০৩টি নথির সংরক্ষণের মেয়াদকাল অতিক্রান্ত হয়েছে। অবশিষ্ট ০৮টি নথি সংরক্ষণের নির্দিষ্ট মেয়াদকাল শেষ হয়নি।

বিস্তারিত পর্যালোচনা শেষে বিভিন্ন শাখা থেকে প্রাপ্ত নথির তালিকায় অন্তর্ভুক্ত নথিসমূহ (পরিশিষ্ট-গ) 'খ', 'গ' ও 'ঘ' শ্রেণির হওয়ায় ও বিনষ্টের লক্ষ্যে অনুবিভাগ প্রধানগণের সুপারিশ থাকায় এবং সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুসারে নথিগুলো সংরক্ষণের মেয়াদকাল অতিক্রান্ত হওয়ায় মোট ২২ (বাইশ)টি বিনষ্টযোগ্য নথি বিধি মোতাবেক বিনষ্ট করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া কারা-১ শাখার অবশিষ্ট ০৮টি নথি শাখায় ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নথি বিনষ্টকরণ কমিটির সভার সদস্য সচিবকে অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ইসরাত চৌধুরী, অতিরিক্ত সচিব (প্রশাসন ও  
অর্থ অনুবিভাগ)  
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়,

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৩.৩২.০০৩.২৩.৭৭


তারিখ: ২ চৈত্র ১৪২৯

১৬ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) উপসচিব/ সিনিয়র সহকারী/সহকারী সচিব (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার/মেইন, ইঞ্জিনিয়ার, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) অফিস কপি/মাস্টার কপি।



আশ্রাফ আহমেদ রাসেল  
সিনিয়র সহকারী সচিব